



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও, ঢাকা

এবং

মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা	৪
সেকশন-১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি	৫
সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৬
সেকশন-৩ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
সংযোজনী-১ : শব্দসংক্ষেপ	১২
সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১৩
সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা	১৬

## বাংলাদেশ স্টেশনারী অফিস-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র (overview of the performance of Bangladesh stationery office)

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

- ই-জিপি ব্যবস্থা চালুকরণ
- মহামাণ্য রাষ্ট্রপতির কার্যালয় , মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় , মন্ত্রণালয়/বিভাগ , দপ্তর/সংস্থার , প্রেস/অফিসসমূহের চাহিদা মোতাবেক মুদ্রণ কাগজ , উন্নতমানের কাগজ ও স্টেশনারী দ্রব্যাদি এবং ফটোকপিয়ার মেশিন ক্রয় এবং সরবরাহ
- বায়োমেট্রিক পদ্ধতিতে কর্মচারীদের এন্ট্রেন্স চালুকরণ
- সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণ
- প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন
- ই-ফাইলিং এর মাধ্যমে নথির নিস্পত্তিকরণ
- একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ব্যালট পেপার মুদ্রণের জন্য নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক কাগজ যথাসময়ে ক্রয় ও সরবরাহ
- পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচনের ব্যালট পেপার মুদ্রণের জন্য নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক কাগজ যথাসময়ে ক্রয় ও সরবরাহ
- DPP Store management soft ware Development
- সিকিউরিটি প্লেইন পেপার (ক্যাট্রিজ কাগজ) ৩৫০ মেঃ টন ক্রয় ও সরবরাহ

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- অনির্ধারিত মুদ্রণ চাহিদা
- আধুনিক গুদাম ব্যবস্থা চালুকরণ
- জনবল সমস্যা
- সিকিউরিটি প্লেইন পেপার (ক্যাট্রিজ পেপার) ক্রয় ও সরবরাহ
- মালামাল পরিবহন ব্যবস্থায় বিআরটিসির উপর নির্ভরশীলতা
- সমস্ত ক্রয় পদ্ধতি ই-জিপির মাধ্যমে চালুকরণ

### ভবিষ্যৎ পরিকল্পনা

- অর্থ বছরের শুরুতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে অনুমোদন গ্রহণ করত: ই-টেন্ডারের মাধ্যমে সমস্ত ক্রয় ই-জিপির মাধ্যমে সম্পন্ন করে দ্রুততম সময়ে মানসম্মত ও টেকসই মুদ্রণ সামগ্রী , স্টেশনারী দ্রব্যাদি ও অফিস সরঞ্জামাদি ক্রয় ও সরবরাহ
- DPP store management soft ware ব্যবহার করে চাহিদা মোতাবেক সংগৃহীত পণ্য সামগ্রী দ্রুততম সময়ে আঞ্চলিক অফিস ও প্রেসসমূহে সরবরাহের ব্যবস্থা করা
- বিশেষজ্ঞদের মতামত গ্রহণ করে আধুনিক গুদাম ব্যবস্থাপনা গড়ে তোলা
- ই-ফাইলিং নির্ভর অফিস ব্যবস্থাপনা গড়ে তোলা
- নির্ধারিত সময়ে চাহিদা মোতাবেক সিকিউরিটি প্লেইন পেপার (ক্যাট্রিজ পেপার) ক্রয় ও সরবরাহ
- আঞ্চলিক অফিসসমূহে সংগৃহীত মালামাল সরবরাহের জন্য নিজস্ব পরিবহন ব্যবস্থা চালু করা
- সমগ্র সরকারি অফিস সমূহকে বাংলাদেশ স্টেশনারী অফিসের সেবার আওতায় অন্তর্ভুক্তকরণ

### ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- কর্ণফুলি পেপার মিলস লিঃ-এর কাগজ এবং কার্টিজ কাগজ ছাড়া অন্য সকল স্টেশনারী ও মুদ্রণ সামগ্রীর ক্রয় কার্যক্রম ই (ইজিপি) টেন্ডারের মাধ্যমে ১০০% সম্পন্ন করা হবে।
- ডিপিপি স্টোর ম্যানেজম্যান্ট সফটওয়্যারের ব্যবহার নিশ্চিতকরা হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে ১০০% মানসম্মত মুদ্রণ সামগ্রী, কাগজ ও অফিস সরঞ্জামাদি সংগ্রহ ও সরবরাহ করা হবে।
- কর্মকর্তা-কর্মচারীদের তথ্যপ্রযুক্তি ও অফিস ব্যবস্থাপনা বিষয়ক বছরে ১২টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হবে।
- ই-নথি ও অগ্নি নির্বাপন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে।